রয়েল সিমেন্ট

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

কনফিডেন্স সিমেন্ট
01755550035-36

মঙ্গলবার | ১০ ফেব্রুয়ারি ২০২৬ | www.edainikazadi.net | ২৭ মাঘ ১৪৩২ সাল | ২১ শাবান ১৪৪৭ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# প্রিমিয়ার ভার্সিটির ইংরেজি বিভাগে 'কালার ফেস্ট' উদযাপিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে গতকাল সোমবার হয়েছে 'কালার ফেস্ট'। জিইসি মোড়স্থ ক্যাম্পাসে দিনব্যাপী এই আয়োজনে শিক্ষার্থীরা নাচ, গান এবং রঙের খেলায় মেতে উঠে ক্যাম্পাসকে এক বর্ণিল উৎসবে পরিণত করে। ৪০তম ব্যাচের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক সৈয়দা সালমা আক্তারের সার্বিক তত্ত্বাবধানে এই অনুষ্ঠানটি আয়োজিত হয়।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, বিদায়ী শিক্ষার্থীদের এই আনন্দ উদযাপন তাদের ক্যাম্পাসজীবনের স্মৃতির পাতায় একটি বিশেষ অধ্যায় হয়ে থাকবে। ইংরেজি বিভাগ সবসময়ই শিক্ষার্থীদের একাডেমিক ও এক্সট্রা কারিকুলার এক্টিভিটিসে ব্যস্ত রাখে, যা প্রশংসনীয়। এর মাধ্যমে শিক্ষার্থীরা পড়াশোনার মাঝেও নির্মল আনন্দ খুঁজে পায়। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা ও বিনোদন যদি পাশাপাশি চলে, তবে শিক্ষা কার্যক্রম আরও ফলপ্রসূ ও আনন্দময় হয়ে ওঠে।

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলম শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, শিক্ষা মানে কেবল পাঠ্যবইয়ের সীমাবদ্ধ জ্ঞান নয়, বরং সংস্কৃতির চর্চা ও ভ্রাতৃত্বের বন্ধনও শিক্ষার অবিচ্ছেদ্য অংশ। কালার ফেস্টের এই রঙ যেন শিক্ষার্থীদের ভবিষ্যৎ



প্রিমিয়ার ইউনিভার্সিটির 'কালার ফেস্ট' অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির

জীবনেও অনুপ্রেরণা হয়ে থাকে। এ ধরনের আয়োজন তাদের সৃজনশীলতাকে শাণিত করবে এবং কর্মজীবনে প্রবেশের আগে একটি পজিটিভ মানসিকতা তৈরি করতে সাহায্য করবে। বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীন তাঁর বক্তব্যে বলেন, শিক্ষার্থীরাই আমাদের ক্যাম্পাসের সবচেয়ে উজ্জ্বলতম রং। আজ তোমাদের এই স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ প্রমাণ করে যে, তোমরা পড়াশোনার পাশাপাশি সুশৃঙ্খল সংস্কৃতিচর্চায় কতটা পারদর্শী। তিনি আরও যোগ করেন, এই বিদায়বেলা তোমাদের জন্য যেমন আবেগের, আমাদের জন্যও তেমনি গর্বের। আশা করি তোমরা যেখানেই যাবে, ইংরেজি বিভাগের এই প্রাণোচ্ছলতা এবং শৃঙ্খলাবোধ সাথে রাখবে। চমৎকার ও সুশৃঙ্খল একটি অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতার জন্য আমি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানাই।

উদ্বোধনী পর্বে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ সোলাইমান চৌধুরী, সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, শাহনাজ পারভীন, কোহি-নুর আক্তার, রফিকুল ইসলাম ও রুমানা চৌধুরীসহ বিভিন্ন বর্ষের বিপুল শিক্ষার্থী উপস্থিত ছিলেন। দিনব্যাপী নাচ, গান এবং একে অপরকে রঙে রাঙানোর মধ্য দিয়ে শিক্ষার্থীরা এক অবিস্মরণীয় দিন অতিবাহিত করে। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 10 February 2026, Page: 2, Col: 4
[https://edainikazadi.net/index.php?page=1&date=2026-02-10](https://edainikazadi.net/index.php?page=1&date=2026-02-10)

চট্টগ্রাম মঙ্গলবার ১০ ফেব্রুয়ারি ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

৪১তম বর্ষ ১ম সংখ্যা।। ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ।। ২১ শাবান ১৪৪৭ হিজরি।। Tuesday 10 February 2026 ।। ৪ পৃষ্ঠার বিশেষ সংখ্যা এবং নিয়মিত ৮ পৃষ্ঠাসহ

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে 'কালার ফেস্ট' উদযাপন

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে গতকাল জাঁকজমকপূর্ণভাবে উদযাপিত হয়েছে 'কালার ফেস্ট'। প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে দিনব্যাপী এই আয়োজনে বর্ণিল উৎসবে পরিণত করে শিক্ষার্থীরা। সহকারী অধ্যাপক সৈয়দা সালমা আক্তারের সার্বিক তত্ত্বাবধানে উদ্বোধনী বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা ও বিনোদন যদি পাশাপাশি চলে, তবে শিক্ষা কার্যক্রম আরও ফলপ্রসূ ও আনন্দময় হয়ে ওঠে। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলম শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, কালার ফেস্টের এই রঙ যেন শিক্ষার্থীদের ভবিষ্যৎ জীবনেও অনুপ্রেরণা হয়ে থাকে। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীন, প্রক্টর সহযোগী অধ্যাপক মোহাম্মদ সোলাইমান চৌধুরী, সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, শাহনাজ পারভীন, কোহিনুর আক্তার, রফিকুল ইসলাম ও রুমানা চৌধুরীসহ বিভিন্ন বর্ষের বিপুল শিক্ষার্থী উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি



*প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে 'কালার ফেস্ট' অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির*

Ref: Daily Purbokone, Date: 10 February 2026, Page: 3, Col: 3

https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-02-10

মঙ্গলবার
চট্টগ্রাম
১০ ফেব্রুয়ারি ২০২৬
২৭ মাঘ ১৪৩২
২১ শাবান ১৪৪৭
বর্ষ-১৪, সংখ্যা-৫৯
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে 'কালার ফেস্ট'

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে ৯ ফেব্রুয়ারি উদযাপিত হয়েছে 'কালার ফেস্ট'। জিইসি মোড়স্থ ক্যাম্পাসে দিনব্যাপী এই আয়োজনে শিক্ষার্থীরা নাচ, গান এবং রঙের খেলায় মেতে উঠে ক্যাম্পাসকে এক বর্ণিল উৎসবে পরিণত করে। ৪০তম ব্যাচের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক সৈয়দা সালমা আক্তারের সার্বিক তত্ত্বাবধানে এই অনুষ্ঠানটি আয়োজিত হয়।

অনুষ্ঠানের উদ্বোধনী বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির বলেন, বিদায়ী শিক্ষার্থীদের এই আনন্দ উদযাপন তাদের ক্যাম্পাস জীবনের স্মৃতির পাতায় একটি বিশেষ অধ্যায় হয়ে থাকবে। ইংরেজি বিভাগ সবসময়ই শিক্ষার্থীদের একাডেমিক ও এক্সট্রা কারিকুলার এক্টিভিটিসে ব্যস্ত রাখে, যা প্রশংসনীয়। এর মাধ্যমে শিক্ষার্থীরা পড়াশোনার মাঝেও নির্মল আনন্দ খুঁজে পায়। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা ও বিনোদন যদি পাশাপাশি চলে, তবে শিক্ষা কার্যক্রম আরও ফলপ্রসূ ও আনন্দময় হয়ে ওঠে।

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলম শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, শিক্ষা মানে কেবল পাঠ্যবইয়ের সীমাবদ্ধ জ্ঞান নয়, বরং সংস্কৃতির চর্চা ও ভ্রাতৃত্বের বন্ধনও শিক্ষার অবিচ্ছেদ্য অংশ। কালার ফেস্টের এই রঙ যেন শিক্ষার্থীদের ভবিষ্যৎ জীবনেও অনুপ্রেরণা হয়ে থাকে। বক্তব্য দেন ইংরেজি বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীন। অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ সোলাইমান চৌধুরী, সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, শাহনাজ পারভীন, কোহিনুর আক্তার, রফিকুল ইসলাম ও রুমানা চৌধুরীসহ বিভিন্ন বর্ষের বিপুল শিক্ষার্থী উপস্থিত ছিলেন। দিনব্যাপী নাচ, গান এবং একে অপরকে রঙে রাঙানোর মধ্য দিয়ে শিক্ষার্থীরা এক অবিস্মরণীয় দিন অতিবাহিত করে। বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে 'কালার ফেস্ট' অনুষ্ঠানে বক্তব্য দেন উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির

Ref: Daily Purbodesh, Date: 10 February 2026, Page: 2, Col: 7
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-02-10